# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০৪তম বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ- ২৩ আগস্ট, ২০১১
স্থান ঃ- সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ- ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৮ জুলাই, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ২৮ জুলাই, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত ঃ গত ২৮ জুলাই, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ জুলাই, ২০১১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০১১-২০১২ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী ৩,১৫,০০,০০০.০০ টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৬৪,৪২,১৩৮.০০ টাকাসহ সর্বমোট দাবী ৩,৭৯,৪২,১৩৮.০০ টাকার মধ্যে ৩০ জুলাই, ২০১১ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ১১,৩২,২৩৫.০০ টাকা। যার মধ্যে জুলাই, ২০১১ মাসে গৃহকর বাবদ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা থেকে ১,৭৪,১২৫.০০টাকা, ডিওএইচএস বনানী এলাকা থেকে ৩৫,৮৩৭.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকা থেকে ৩,৫৩,৯৭০.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকা থেকে ৩,৭৬,১২৯.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকা থেকে ৭৭,৩০২.০০ টাকা, কচুক্ষেত এলাকা থেকে ১,১৪,৮৭২.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও উক্ত মাসে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৯,৬৬,৮১৭.০০ টাকা আদায় হয়েছে।

সিদ্ধান্ত ঃ অর্থ বছরের প্রথম মাসের রাজস্ব আদায় সন্তোষজনক নয়। তবে যে বিপুল পরিমাণ রাজস্ব বকেয়া রয়েছে তা আদায়ের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-৩ঃ জুলাই, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, জুলাই, ২০১১ মাসে বোর্ড ফান্ডে রজনীগন্ধা টাওয়ারের ইজারা বাবদ প্রাপ্ত অর্থসহ মোট **৩,০৮,২১,৯৬৯.৭৬** টাকা রাজস্ব আয় হয়েছে এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, নৈমিত্তিক ব্যয়, সংস্কার-মেরামত ও প্রকল্প বাবদ **২,১৩,৩১,৯৩৮.০০** টাকা ব্যয় হয়েছে। ক্যান্টনমেন্ট বাজার ও ডিওএইচএসসমূহ হতে জুলাই, ২০১১ মাসে ১,০২,৪৫,৬৫০.০০ টাকা আয় হয়েছে এবং বিভিন্ন প্রকল্প বাবদ ১,২৬,৮০,১২৯.০০ টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত ঃ জুলাই, ২০১১ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

*চলমান পাতা-২*

আলোচ্যসূচী-৪ঃ ২০১০-২০১১ অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২০১০-২০১১ অর্থ বছরে বোর্ডের বিভিন্ন আয়ের উৎস হতে (রজনীগন্ধা শপিং কমপ্লেক্স এর দোকান ইজারা বাবদ প্রাপ্ত অর্থ ও অনুদানসহ) ৪২,২৯,৯৫,৯৬৮/- (বিয়াল্লিশ কোটি উনত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত আটষট্টি) টাকা আয় হয়েছে এবং ৪১,৫১,৯০,২১৭/- (এক চল্লিশ কোটি একান্ন লক্ষ নব্বই হাজার দুইশত সতের) টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত ঃ ২০১০-২০১১ অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ জুলাই, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিস্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। তবে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে এবং সেনানিবাস ও ডিওএইচএস এর কিছু কিছু এলাকায় এডিস মশা বিস্তারের প্রমাণ পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ ব্রিডিং স্পটগুলোতে সিডিউল অনুযায়ী কীটনাশক স্প্রে করতে হবে। ডিওএইচএসসমূহের মশক নিধন কার্যক্রম জোরদার করতে হবে।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৬৯ ফ্ল্যাট#৫০১ (৫ম তলা), রোড#৭, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস। | বেগম সৈয়দা মুনিরা রশিদ পিতা- মরহুম হারুন উর রশিদ বাড়ী#৬৯ ফ্ল্যাট#৫০১ (৫ম তলা), রোড#৭, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস। তারিখ ঃ ২৪ মার্চ, ২০১১ | জনাব মোহাম্মদ ইউসুফ পিতা- ডাঃ এম এম আমজাদ হোসেন বাড়ী#৬৯ ফ্ল্যাট#৫০২ (৫ম তলা), রোড#৭, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস। | ১৬ জুন, ২০১১ তারিখের ১৩০০/১২০/৫৭/ ৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ২২০০ বর্গফুট বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ১,১৭,৭০০/- টাকা পরিশোধ করা হয়েছে। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা ঃ প্রস্তাবনাটি পর্যালোচনায় দেখা যায় আবেদনকারী প্লট হস্তান্তরের সকল শর্ত পূরন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাস এলাকায় ডেভলোপার কর্তৃক ইমারত/ভবন নির্মাণ সংক্রান্ত নীতিমালা।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রিয়েল এস্টেট উন্নয়ন ও উহার ব্যবস্থাপনাসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে একটি আইন ০৫/১০/২০১০ তারিখে বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৭ আগষ্ট, ২০১১ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/ ৮৭-এ-২০/৩৪ নং পত্রের জবাবে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামত প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ পরবর্তী সভায় আইন উপদেষ্টার মতামত উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ সরণিস্থ আইজিএস এন্ড সি এর সম্মুখে এবং ক্যান্টঃ আবাসিক এলাকার পূর্ব প্রান্তে জলাবদ্ধতা দূরীকরণের জন্য পাইপ ড্রেন নির্মাণ ও কার্পেটিং কাজ। | ১,৯৯,৫০০/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | শহীদ সরণির পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯৮,৫২৮/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৩) | স্বাধীনতা সরণির পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯৯,১০৮/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেটে হার্ড স্ট্যান্ডের সংগে টয়লেট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৬২,৭৭১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেটে মুরগী শেডের পার্শ্বে টয়লেট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩২,২৬০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের মূল্যানুমান এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪ ও ৫ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

*চলমান পাতা-৪*

আলোচ্যসূচী-৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের দক্ষিণ পূর্ব কর্ণারে গ্যারেজ শেড নির্মাণ। | ২২,৫৯,১৪৯/- টাকা | দি ইউনিক ইঞ্জিনিয়ার্স | ২৩,৬৯,৬২১/৪৫ টাকা | বোর্ড ফান্ড |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সম্মুখস্থ ২টি গাছের গোড়ায় ও অন্যান্য স্থানে সিরামিক ইট স্থাপন। | ৩০,৯৬৮/- টাকা | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ৩০,৯৬৮/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পর্যালোচনান্তে Tender Evaluaiton Committee এর সুপারিশ অনুযায়ী দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদন করা হলো এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১১ উপলক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ। | ১,২৫,৩৭৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (২) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসজির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/ গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৭৪,৮৬৪/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৩) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,২৯,০০০/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৪) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ১,১৮,২১১/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |

চলমান পাতা-৫

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (৫) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯০,৮১৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৬) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ১,৩৯,২০৭/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৭) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৫৫,০৪১/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৮) | স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৬০,৭২৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৯) | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৩৫,৩৫১/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১০) | সিএমএইচ হতে সিগন্যাল গেইট পর্যন্ত সাইনবোর্ড, টিএন্ডটি বক্স,ফুটপাতের স্লাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৫৯,৭৮২/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১১) | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজের লেবার চার্জ। | ১,৫০,০০০/- টাকা | অনুদান |
| (১২) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৭১,০৪৯/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৩) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে সিগন্যাল গেইট পর্যন্ত নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৮০,৫৩৭/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৪) | রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানী হতে কোম্পানীর দরে ১৫৫ গ্যালন সাদা এবং ২৫ গ্যালন হলুদ রোড মার্কিং পেইন্ট এবং জেনসলিন থিনার (টি-৪) ৪০ গ্যালন ক্রয়করণ। | ৪,৩১,৪০০/- টাকা | অনুদান |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সশস্ত্র বাহিনী দিবস-২০১১ উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৪(চৌদ্দ)টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১ হতে ১৩ এ উল্লেখিত কাজের জন্য দরপত্র আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণসহ ক্রমিক নং-১৪ তে বর্ণিত কাজের জন্য অনুদান বরাদ্দ এবং প্রয়োজনীয় অনুমোদন প্রদানের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং-১৪ এর প্রয়োজনীয় রং ও থিনার বার্জার পেইন্ট বাংলাদেশ লিমিটেড হতে সরাসরি কোম্পানী দরে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৬*

আলোচ্যসূচী-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পিএবিএক্স এক্সটেনশন ও অটো-আনসারিং মেশিন স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রতিদিন সেবা গ্রহীতাগণ ফোনের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি জানতে চান। কিন্তু একাধিক ফোন নম্বর গ্রাহকদের জানা না থাকায় একটি নির্দিষ্ট সেবার জন্য বিভিন্ন শাখার ফোন করতে হয়। তাই ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারসহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সেবা প্রদানকারী শাখাসমূহের ফোন নম্বরগুলো পিএবিএক্স মেশিন ব্যবহার করে অটো-আনসারিং এর মাধ্যমে নির্দিষ্ট সেবার জন্য নির্দিষ্ট এক্সটেনশন নম্বর জানিয়ে দেয়া হলে গ্রাহকদের সংশ্লিষ্ট সেবা প্রদানকারী শাখার সাথে সরাসরি যোগাযোগ করা সম্ভবপর হবে। বর্তমানে অত্র দপ্তরে বিদ্যমান পিএবিক্স মেশিনের মাধ্যমে ১২টি এক্সটেনশন দেয়া সম্ভব। এর সংগে আরো ৮ লাইনের এক্সটেনশন কার্ড সংযোজন, ১০টি টেলিফোন সেট, কেবল, ওয়্যারিং, মজুরী ইত্যাদি বাবদ আনুমানিক ৮০,০০০/- (আশি হাজার) টাকা ব্যয় হতে পারে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যাবে।

সিদ্ধান্ত ঃ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কোটেশন/দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১২ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান ইজারার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস এ নির্মাণাধীন মিরপুর ডিওএইচএস অফিস-কাম শপিং কমপ্লেক্সে মোট-২২৩টি দোকান/স্পেস রয়েছে। তন্মধ্যে ইতোপূর্বে ০২(দুই) ধাপে ৬০ টি দোকান/স্পেস ইজারা প্রদানের কাজ সম্পন্ন হয়েছে। পরবর্তীতে অবশিষ্ট ১৬৩ টি দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক ইত্তেফাক ও দৈনিক সমকাল পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৭/৮/২০১১ তারিখে দরপত্র আহবান করা হলে তলাভিত্তিক নিম্নোক্ত দোকান/স্পেসসমূহের দর পাওয়া গিয়েছে ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | সর্বোচ্চ ও উদ্ধৃত দরের পার্থক্য | মোট মূল্যের পার্থক্য | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | | | |
| (১) | শারমিন নাহার | ১ম তলা-১৯ | ১২৬.৮০ | ১৭০০০.০০ | ২৫৫০০.০০ | ৩২,৩৩,৪০০.০০ | ০.০০ | ০.০০ | ০৩ টি |
| (২) | কর্নেল মোঃ আমিনুল হক | ১ম তলা-১০ | ১০১.৬৯ | ১৭০০০.০০ | ২৩৫০৫.০০ | ২৩,৯০,২২৩.৪৫ | ১,৯৯৫.০০ | ২,০২,৮৭১.৫৫ | ০৩ টি |
| (৩) | রুবাব জাবিন জামান | ১ম তলা-০১ | ৩৪৮.৬১ | ১৭০০০.০০ | ২২০০০.০০ | ৭৬,৬৯,৪২০.০০ | ৩,৫০০.০০ | ১২,২০,১৩৫.০০ | ০২ টি |
| (৪) | রুবাব জাবিন জামান | ১ম তলা-৪৫ | ৩০৮.০৬ | ১৭০০০.০০ | ২২০০০.০০ | ৬৭,৭৭,৩২০.০০ | ৩,৫০০.০০ | ১০,৭৮,২১০.০০ | ০২ টি |
| (৫) | শামছি আরা নার্গিস | ১ম তলা-০৫ | ১৪০.৬৫ | ১৭০০০.০০ | ২১১৭৭.০০ | ২৯,৭৮,৫৪৫.০৫ | ৪,৩২৩.০০ | ৬,০৮,০২৯.৯৫ | ০২ টি |
| (৬) | ব্রিগেডিয়ার জেনারেল একেএম মাহবুবুল হক | ১ম তলা-৪৪ | ১৬৪.৫৯ | ১৭০০০.০০ | ২১০০০.০০ | ৩৪,৫৬,৩৯০.০০ | ৪,৫০০.০০ | ৭,৪০,৬৫৫.০০ | ০২ টি |
| (৭) | লেঃ কর্নেল সায়ফুল আলম সালেহ | ১ম তলা-০৩ | ১৭৮.২৩ | ১৭০০০.০০ | ২০৫০০.০০ | ৩৬,৫৩,৭১৫.০০ | ৫,০০০.০০ | ৮,৯১,১৫০.০০ | ০১ টি |
| (৮) | ডাঃ বেগম রুবিয়া সুলতানা | ১ম তলা-০৭ | ১২১.৩০ | ১৭০০০.০০ | ২০০৫০.০০ | ২৪,৩২,২৬৫.৫০ | ৫,৪৫০.০০ | ৬,৬১,০৮৫.০০ | ০১ টি |
| (৯) | ডাঃ বেগম রুবিয়া সুলতানা | ১ম তলা-০৮ | ১১৪.২১ | ১৭০০০.০০ | ২০০১০.০০ | ২২,৮৫,৩৪২.১০ | ৫,৪৯০.০০ | ৬,২৭,০১২.৯০ | ০১ টি |
| (১০) | কাজী ফরিদ আহমেদ | ১ম তলা-৩০ | ১২০.৯৬ | ১৭০০০.০০ | ১৯৭৭৫.০০ | ২৩,৯১,৯৮৪.০০ | ৫,৭২৫.০০ | ৬,৯২,৪৯৬.০০ | ০১ টি |
| (১১) | ব্রিগেডিয়ার জেনারেল মুহম্মদ আবু বকর সিদ্দিকী (অবঃ) | ১ম তলা-৩৮ | ১০৪.৪২ | ১৭০০০.০০ | ১৮৫০২.০০ | ১৯,৩১,৯৭৮.৮৪ | ৬,৯৯৮.০০ | ৭,৩০,৭৩১.১৬ | ০৩ টি |
| (১২) | লায়লা আরজুমান্দ বেগম | ২য় তলা-১৫ | ১২৮.৫০ | ১৬০০০.০০ | ২৪৫০০.০০ | ৩১,৪৮,২৫০.০০ | ০.০০ | ০.০০ | ০২ টি |
| (১৩) | কর্নেল মোঃ আমিনুল হক | ২য় তলা-০৯ | ১১১.৩১ | ১৬০০০.০০ | ২২৫১১.০০ | ২৫,০৫,৬৯৯.৪১ | ১,৯৮৯.০০ | ২,২১,৩৯৫.৫৯ | ০১ টি |

চলমান পাতা-৭

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | [illegible] | [illegible] প্রতি [illegible] | উদ্ধৃত দর | | সর্বোচ্চ ও উদ্ধৃত দরের পার্থক্য | মোট মূল্যের পার্থক্য | [illegible] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | | | |
| (১৪) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ২য় তলা-০১ | ১৩১.৯০ | ১৬০০০.০০ | ২২৫০১.০০ | ২৯,৫৭,৮৮১.৯০ | ১,৯৯৯.০০ | ২,৬৩,৬৬৮.১০ | ০১ টি |
| (১৫) | মিসেস লুৎফুন্নাহার চৌধুরী | ২য় তলা-১৭ | ১২৮.৫০ | ১৬০০০.০০ | ১৯৫১০.০০ | ২৫,০৭,০৩৫.০০ | ৪,৯৯০.০০ | ৬,৪১,২১৫.০০ | ০২ টি |
| (১৬) | ফারজানা রহমান | ২য় তলা-০৭ | ১৪৩.৬৬ | ১৬০০০.০০ | ১৯১০৫.০০ | ২৭,৪৪,৬২৪.৩০ | ৫,৩৯৫.০০ | ৭,৭৫,০৪৫.৭০ | ০১ টি |
| (১৭) | ব্রিগেডিয়ার জেনারেল মোজাফ্ফর আহমেদ (অবঃ) বিবি | ২য় তলা-২৬ | ১৬৭.১৮ | ১৬০০০.০০ | ১৯০০০.০০ | ৩১,৭৬,৪২০.০০ | ৫,৫০০.০০ | ৯,১৯,৪৯০.০০ | ০১টি |
| (১৮) | লেঃ কর্ণেল (অবঃ) শেখ শামীম হোসেন | ২য় তলা-২৭ | ১৬১.৭৬ | ১৬০০০.০০ | ১৯০০০.০০ | ৩০,৭৩,৪৪০.০০ | ৫,৫০০.০০ | ৮,৮৯,৬৮০.০০ | ০১টি |
| (১৯) | ফারজানা রহমান | ২য় তলা-১৬ | ১২৮.৫০ | ১৬০০০.০০ | ১৮৬২০.০০ | ২৩,৯২,৬৭০.০০ | ৫,৮৮০.০০ | ৭,৫৫,৫৮০.০০ | ০১ টি |
| (২০) | মিসেস নায়না শিরীন | ২য় তলা-০৩ | ১৩৭.২৪ | ১৬০০০.০০ | ১৮২৫১.০০ | ২৫,০৪,৭৬৭.২৪ | ৬,২৪৯.০০ | ৮,৫৭,৬১২.৭৬ | ০২ টি |
| (২১) | লতিফা খান | ২য় তলা-৩১ | ৯০২.৭৬ | ১৬০০০.০০ | ১৮০০০.০০ | ১,৬২,৪৯,৬৮০.০০ | ৬,৫০০.০০ | ৫৮,৬৭,৯৪০.০০ | ০১টি |
| (২২) | মোঃ সেলিম সরকার | ২য় তলা-০৬ | ১৪৩.৬৬ | ১৬০০০.০০ | ১৭৬০০.০০ | ২৫,২৮,৪১৬.০০ | ৬,৯০০.০০ | ৯,৯১,২৫৪.০০ | ০১ টি |
| (২৩) | মিসেস শারমিনা মনির | ২য় তলা-২৮ | ১০৩.৩৮ | ১৬০০০.০০ | ১৭৫৫১.০০ | ১৮,১৪,৪২২.৩৮ | ৬,৯৪৯.০০ | ৭,১৮,৩৮৭.৬২ | ০২টি |
| (২৪) | কাজী আবু তাহের | ২য় তলা-২৪ | ১০১.৭০ | ১৬০০০.০০ | ১৭০৭১.০০ | ১৭,৩৬,১২০.৭০ | ৭,৪২৯.০০ | ৭,৫৫,৫২৯.৩০ | ০১ টি |
| (২৫) | মোঃ রেদওয়ানুল ইসলাম ও মিসেস নায়না শিরীন | ২য় তলা-০৪ | ১৫৯.৮২ | ১৬০০০.০০ | ১৬৫০১.০০ | ২৬,৩৭,১৮৯.৮০ | ৭,৯৯৯.০০ | ১২,৭৮,৪০০.১৮ | ০১ টি |
| (২৬) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ২য় তলা-০৮ | ১৪৩.৬৬ | ১৬০০০.০০ | ১৬০২৫.০০ | ২৩,০২,১৫১.৫০ | ৮,৪৭৫.০০ | ১২,১৭,৫১৮.৫০ | ০১ টি |
| (২৭) | ব্রিগেডিয়ার জেনারেলঃ মোঃ তওফিকুল আনাম | ৩য় তলা-২৪ | ১২৮.৫০ | ১৫০০০.০০ | ২১১০৫.০০ | ২৭,১১,৬৯২.৫০ | ০০.০০ | ০.০০ | ০১টি |
| (২৮) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ৩য় তলা-১৫ | ১২৮.৫০ | ১৫০০০.০০ | ১৫০২৫.০০ | ১৯,৩০,৭১২.৫০ | ৬,০৮০.০০ | ৭,৮১,২৮০.০০ | ০১টি |
| (২৯) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ৪র্থ তলা-২৪ | ১২৮.৫০ | ১৪৫০০.০০ | ২০৬৫৫.০০ | ২৬,৫৪,১৬৭.৫০ | ০.০০ | ০.০০ | ০১ টি |
| (৩০) | মোঃ সারোয়ার হোসেন | ৪র্থ তলা-৩১ | ৯১.৫৮ | [illegible]৫০০.০০ | ১৫২০৩.০০ | ১৩,৯২,২৯০.৭০ | ৫,৪৫২.০০ | ৪৯৯২৯৪.২ | ০২ টি |
| (৩১) | ব্রিগেডিয়ার জেনারেলঃ মোঃ তওফিকুল আনাম | ৪র্থ তলা-১৫ | ১২৮.৫০ | [illegible]০০.০০ | ১৪৫২৫.০০ | ১৮,৬৬,৪৬২.৫০ | ৬,১৩০.০০ | ৭৮৭৭০৫ | ০১ টি |
| (৩২) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ৫ম তলা-২১ | ১২৮.৫০ | ১৪০০০.০০ | ১৪৫০১.০০ | ১৮,৬৩,৩৭৮.৫০ | ০.০০ | ০.০০ | ০১ টি |
| (৩৩) | মোছাঃ গুলশান আরা | ৫ম তলা-১৩ | ২০১.২৬ | ১৪০০০.০০ | ১৪১০০.০০ | ২৮,৩৭,৭৬৬.০০ | ৪০১.০০ | ৮০৭০৫.২৬ | ০১ টি |
| (৩৪) | লে ঃ কর্ণেল জিএম কামরুল আলম | ৬ষ্ঠ তলা ১৭ | ১২৮.৫০ | ১২০০০.০০ | ১৫০০০.০০ | ১৯,২৭,৫০০.০০ | ০.০০ | ০.০০ | ০১ টি |
| (৩৫) | মেজর গোলাম মোহাম্মদ (অবঃ) | ৬ষ্ঠ তলা-১৯ | ১১০.২০ | ১২০০০.০০ | ১২১০০.০০ | ১৩,৩৩,৪২০.০০ | ২,৯০০.০০ | ৩১৯৫৮০ | ০১ টি |

চলমান পাতা-৮

তলা ভিত্তিক প্রাপ্ত দরের একটি তুলনামূলক চিত্র নিম্নে প্রদত্ত হলো ঃ-

| তলা | রেঞ্জের মধ্যে প্রদত্ত দর | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | =< ৫০০০ | ৬,০০০< >৫,০০০ | ৭,০০০< >৬০০০ | ৮,০০০< >৭০০০ | >৮,০০০ | |
| ১ম তলার জন্য প্রাপ্ত দর | ৭টি | ৪টি | | | | |
| ২য় তলার জন্য প্রাপ্ত দর | ৪টি | ৪টি | ৪টি | ২ টি | ১ টি | |
| ৩য় তলার জন্য প্রাপ্ত দর | ১ টি | ১ টি | | | | ৩য় তলার প্রতি বর্গফুটের সরকারী দর ১৫,০০০/- টাকা। উক্ত তলার ২৪ নং দোকানের বিপরীতে প্রতি বর্গফুটের জন্য প্রদত্ত দর ২১,১০৫/- টাকা এবং ১৫ নং দোকানের বিপরীতে প্রদত্ত দর ১৫,০২৫/- টাকা। ১৫ নং দোকানের বিপরীতে প্রদত্ত দরের সাথে সর্বোচ্চ দরের পার্থক্য ৬,০৮০/- টাকা হলেও সরকারী দরের সাথে পার্থক্য মাত্র ২৫/- টাকা। |
| ৪র্থ তলার জন্য প্রাপ্ত দর | ১ টি | ১ টি | ১ টি | | | ৪র্থ তলার ১৫ ও ৩১ নং দোকানের বিপরীতে প্রদত্ত দর সর্বোচ্চ দরের চেয়ে যথাক্রমে ৬,১৩০/- টাকা ও ৫,৪৫২/- টাকা হলেও সরকারী দরের চেয়ে মাত্র ২৫/- টাকা ও ৭০৩/- টাকা বেশী। |
| ৫ম তলার জন্য প্রাপ্ত দর | ২ টি | | | | | ৫ম তলার ১৩ ও ২১ নং দোকানের বিপরীতে প্রদত্ত দর সরকারী দরের চেয়ে মাত্র ১০০/- টাকা ও ৫০১/- টাকা বেশী। |
| ৬ষ্ঠ তলার জন্য প্রাপ্ত দর | ২ টি | | | | | ৬ষ্ঠ তলা-১৭ নং দোকানের বিপরীতে প্রদত্ত দর সরকারী দরের চেয়ে প্রতি বর্গফুট ৩,০০০/- টাকা বেশী হলেও ৬ষ্ঠ তলা-১৯ নং দোকানের বিপরীতে প্রদত্ত দর মাত্র ১০০/- টাকা বেশী। |
| মোট | ১৭ টি | ১০ টি | ৫ টি | ৩ টি | | |

**সিদ্ধান্ত ঃ** পর্যবেক্ষণে দেখা যায় যে, তলাভিত্তিক প্রতিটি দোকানের বিপরীতে প্রতিবর্গফুট স্পেস এর জন্য প্রদত্ত সর্বোচ্চ দরের চেয়ে সর্বনিম্ন দরের পার্থক্য কোন কোন ক্ষেত্রে ৮,৪০০/- টাকা পর্যন্ত। তলা ভিত্তিক সর্বোচ্চ দরের সাথে সর্বনিম্ন দরের পার্থক্য যে সকল ক্ষেত্রে ৭,০০০/- টাকা পর্যন্ত সেগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে সরকারী দরের চেয়ে দাখিলকৃত দরের পার্থক্য যে সকল ক্ষেত্রে খুব কম এবং ১টি মাত্র দর পড়েছে সেগুলোর জন্য পুনঃদরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো। সে প্রেক্ষিতে ৩য় তলার ১৫, ৪র্থ তলার ১৫ ও ৩১, ৫ম তলার ১৩ ও ২১ এবং ৬ষ্ঠ তলার ১৯ নং দোকানের বিপরীতে প্রাপ্ত দর ও সংশ্লিষ্ট তলার সর্বোচ্চ দরের পার্থক্য ৭,০০০/- টাকার মধ্যে থাকলেও সমমানের অন্যান্য দোকানের দর পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, উক্ত দোকানগুলোর বিপরীতে আরো অধিক দর পাওয়ার সম্ভাবনা রয়েছে, যাতে বোর্ডের রাজস্ব আয় অনেক বৃদ্ধি পাবে বিধায় উক্ত দোকানগুলোর জন্য পুনঃদরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত দোকানসমূহের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রম/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্বৃত দর | | সর্বোচ্চ ও উদ্বৃত দরের পার্থক্য | মোট মূল্যের পার্থক্য | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | | | |
| (১) | শারমিন নাহার | ১ম তলা-১৯ | ১২৬.৮০ | ১৭০০০.০০ | ২৫৫০০.০০ | ৩২,৩৩,৪০০.০০ | ০.০০ | ০.০০ | ০৩ টি |
| (২) | কর্নেল মোঃ আমিনুল হক | ১ম তলা-১০ | ১০১.৬৯ | ১৭০০০.০০ | ২৩৫০৫.০০ | ২৩,৯০,২২৩.৪৫ | ১,৯৯৫.০০ | ২,০২,৮৭১.৫৫ | ০৩ টি |
| (৩) | রুবাব জাবিন জামান | ১ম তলা-০১ | ৩৪৮.৬১ | ১৭০০০.০০ | ২২০০০.০০ | ৭৬,৬৯,৪২০.০০ | ৩,৫০০.০০ | ১২,২০,১৩৫.০০ | ০২ টি |

চলমান পাতা-৯

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | সর্বোচ্চ ও উদ্ধৃত দরের পার্থক্য | মোট মূল্যের পার্থক্য | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | | | |
| (৪) | রুবাব জাবিন জামান | ১ম তলা-৪৫ | ৩০৮.০৬ | ১৭০০০.০০ | ২২০০০.০০ | ৬৭,৭৭,৩২০.০০ | ৩,৫০০.০০ | ১০,৭৮,২১০.০০ | ০২ টি |
| (৫) | শামছি আরা নার্গিস | ১ম তলা-০৫ | ১৪০.৬৫ | ১৭০০০.০০ | ২১১৭৭.০০ | ২৯,৭৮,৫৪৫.০৫ | ৪,৩২৩.০০ | ৬,০৮,০২৯.৯৫ | ০২ টি |
| (৬) | ব্রিগেডিয়ার জেনারেল একেএম মাহবুবুল হক | ১ম তলা-৪৪ | ১৬৪.৫৯ | ১৭০০০.০০ | ২১০০০.০০ | ৩৪,৫৬,৩৯০.০০ | ৪,৫০০.০০ | ৭,৪০,৬৫৫.০০ | ০২ টি |
| (৭) | লেঃ কর্নেল সায়ফুল আলম সালেহ | ১ম তলা-০৩ | ১৭৮.২৩ | ১৭০০০.০০ | ২০৫০০.০০ | ৩৬,৫৩,৭১৫.০০ | ৫,০০০.০০ | ৮,৯১,১৫০.০০ | ০১ টি |
| (৮) | ডাঃ বেগম রুবিয়া সুলতানা | ১ম তলা-০৭ | ১২১.৩০ | ১৭০০০.০০ | ২০০৫০.০০ | ২৪,৩২,২৬৫.৫০ | ৫,৪৫০.০০ | ৬,৬১,০৮৫.০০ | ০১ টি |
| (৯) | ডাঃ বেগম রুবিয়া সুলতানা | ১ম তলা-০৮ | ১১৪.২১ | ১৭০০০.০০ | ২০০১০.০০ | ২২,৮৫,৩৪২.১০ | ৫,৪৯০.০০ | ৬,২৭,০১২.৯০ | ০১ টি |
| (১০) | কাজী ফরিদ আহমেদ | ১ম তলা-৩০ | ১২০.৯৬ | ১৭০০০.০০ | ১৯৭৭৫.০০ | ২৩,৯১,৯৮৪.০০ | ৫,৭২৫.০০ | ৬,৯২,৪৯৬.০০ | ০১ টি |
| (১১) | ব্রিগেডিয়ার জেনারেল মুহম্মদ আবু বকর সিদ্দিকী (অবঃ) | ১ম তলা-৩৮ | ১০৪.৪২ | ১৭০০০.০০ | ১৮৫০২.০০ | ১৯,৩১,৯৭৮.৮৪ | ৬,৯৯৮.০০ | ৭,৩০,৭৩১.১৬ | ০৩ টি |
| (১২) | লায়লা আরজুমা বেগম | ২য় তলা-১৫ | ১২৮.৫০ | ১৬০০০.০০ | ২৪৫০০.০০ | ৩১,৪৮,২৫০.০০ | ০.০০ | ০.০০ | ০২ টি |
| (১৩) | কর্নেল মোঃ আমিনুল হক | ২য় তলা-০৯ | ১১১.৩১ | ১৬০০০.০০ | ২২৫১১.০০ | ২৫,০৫,৬৯৯.৪১ | ১,৯৮৯.০০ | ২,২১,৩৯৫.৫৯ | ০১ টি |
| (১৪) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ২য় তলা-০১ | ১৩১.৯০ | ১৬০০০.০০ | ২২৫০১.০০ | ২৯,৬৭,৮৮১.৯০ | ১,৯৯৯.০০ | ২,৬৩,৬৬৮.১০ | ০১ টি |
| (১৫) | মিসেস লুৎফুন্নাহার চৌধুরী | ২য় তলা-১৭ | ১২৮.৫০ | ১৬০০০.০০ | ১৯৫১০.০০ | ২৫,০৭,০৩৫.০০ | ৪,৯৯০.০০ | ৬,৪১,২১৫.০০ | ০২ টি |
| (১৬) | ফারজানা রহমান | ২য় তলা-০৭ | ১৪৩.৬৬ | ১৬০০০.০০ | ১৯১০৫.০০ | ২৭,৪৪,৬২৪.৩০ | ৫,৩৯৫.০০ | ৭,৭৫,০৪৫.৭০ | ০১ টি |
| (১৭) | ব্রিগেডিয়ার জেনারেল মোজাফফর আহমেদ (অবঃ) বিবি | ২য় তলা-২৬ | ১৬৭.১৮ | ১৬০০০.০০ | ১৯০০০.০০ | ৩১,৭৬,৪২০.০০ | ৫,৫০০.০০ | ৯,১৯,৪৯০.০০ | ০১টি |
| (১৮) | লেঃ কর্নেল (অবঃ) শেখ শামীম হোসেন | ২য় তলা-২৭ | ১৬১.৭৬ | ১৬০০০.০০ | ১৯০০০.০০ | ৩০,৭৩,৪৪০.০০ | ৫,৫০০.০০ | ৮,৮৯,৬৮০.০০ | ০১টি |
| (১৯) | ফারজানা রহমান | ২য় তলা-১৬ | ১২৮.৫০ | ১৬০০০.০০ | ১৮৬২০.০০ | ২৩,৯২,৬৭০.০০ | ৫,৮৮০.০০ | ৭,৫৫,৫৮০.০০ | ০১ টি |
| (২০) | মিসেস নায়না শিরীন | ২য় তলা-০৩ | ১৩৭.২৪ | ১৬০০০.০০ | ১৮২৫১.০০ | ২৫,০৪,৭৬৭.২৪ | ৬,২৪৯.০০ | ৮,৫৭,৬১২.৭৬ | ০২ টি |
| (২১) | লতিফা খান | ২য় তলা-৩১ | ৯০২.৭৬ | ১৬০০০.০০ | ১৮০০০.০০ | ১,৬২,৪৯,৬৮০.০০ | ৬,৫০০.০০ | ৫৮,৬৭,৯৪০.০০ | ০১টি |
| (২২) | মোঃ সেলিম সরকার | ২য় তলা-০৬ | ১৪৩.৬৬ | ১৬০০০.০০ | ১৭৬০০.০০ | ২৫,২৮,৪১৬.০০ | ৬,৯০০.০০ | ৯,৯১,২৫৪.০০ | ০১ টি |
| (২৩) | মিসেস শারমিনা মনির | ২য় তলা-২৮ | ১০৩.৩৮ | ১৬০০০.০০ | ১৭৫৫১.০০ | ১৮,১৪,৪২২.৩৮ | ৬,৯৪৯.০০ | ৭,১৮,৩৮৭.৬২ | ০২টি |
| (২৪) | ব্রিগেডিয়ার জেনারেলঃ মোঃ তওফিকুল আনাম | ৩য় তলা-২৪ | ১২৮.৫০ | ১৫০০০.০০ | ২১১০৫.০০ | ২৭,১১,৯৯২.৫০ | ০০.০০ | ০.০০ | ০১টি |
| (২৫) | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তওফিকুল আনাম | ৪র্থ তলা-২৪ | ১২৮.৫০ | ১৪৫০০.০০ | ২০৬৫৫.০০ | ২৬,৫৪,১৬৭.৫০ | ০.০০ | ০ | ০১ টি |
| (২৬) | লে ঃ কর্নেল জিএম কামরুল আলম | ৬ষ্ঠ তলা ১৭ | ১২৮.৫০ | ১২০০০.০০ | ১৫০০০.০০ | ১৯,২৭,৫০০.০০ | ০.০০ | ০ | ০১ টি |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

*চলমান পাতা-১০*

১৩ বিবিধ-১ ঃ ঢাকা সেনানিবাসের পচনশীল আবর্জনা থেকে মাটি ডোমেইন কর্তৃক কম্পোষ্ট সার তৈরী প্রক্রিয়া অবলোকন।

আলোচনা ঃ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট প্রস্তাব (আর্থিক, কারিগরী ও পরিবেশগত) এবং তাদের স্বল্প, মধ্য এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা উপস্থাপন না করায় এ বিষয়ে কোন সুস্পষ্ট ধারনা পাওয়া যাচ্ছে না। তাছাড়া এ কাজের জন্য যে সকল যন্ত্রপাতি তাদের সম্পর্কে বিস্তারিত লিখিতভাবে পেশ করার জন্য পত্র প্রদান করা হোক।

সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট প্রস্তাব (আর্থিক, কারিগরী ও পরিবেশগত) এবং তাদের স্বল্প, মধ্য এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত লিখিতভাবে পেশ করার জন্য পত্র প্রদান করা হোক।

১৩ বিবিধ-২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে রমজান মাসে মুসল্লীদের জুম্মার নামাজ আদায়ের জন্য প্যান্ডেল তৈরী এবং আসন্ন ঈদ উল ফিতর উপলক্ষে ঈদগাহ মাঠে প্যান্ডেল ও ০২(দুই)টি গেট ও ইমাম সাহেবের মিম্বর তৈরী।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে রমজান মাসে মুসল্লীদের জুম্মার নামাজ আদায়ের জন্য প্যান্ডেল তৈরী এবং আসন্ন ঈদ উল ফিতর উপলক্ষে ঈদগাহ মাঠে প্যান্ডেল তৈরীর নিমিত্ত স্থানীয় ডেকোরেটরদের/ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারদের নিটক হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা হলে ১৭ আগষ্ট, ২০১১ তারিখ ০১(এক)টি সীলমোহরকৃত দরপত্র পাওয়া যায়। মেসার্স সাগর ডেকোরেটর কর্তৃক ২,০১,৭৫০/-(দুই লক্ষ এক হাজার সাতশত পঞ্চাশ) টাকার দর দাখিল করা হয়। যা গত বছরের তুলনায় অত্যধিক হওয়ায় পূর্বে নির্ধারিত ৪৫,০০০/-(পয়তাল্লিশ হাজার) টাকা দরে গত বছরের ন্যায় কাজ করার অনুমোদন দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে রমজান মাসে মুসল্লীদের জুম্মার নামাজ আদায় এবং ঈদ উল ফিতর উপলক্ষে প্যান্ডেল তৈরীর জন্য গত বছরের ন্যায় ৪৫,০০০/- টাকার দর অনুমোদন করা হলো।

১৩ বিবিধ-৩ ঃ ঢাকা সেনানিবাস ও সেনানিবাস নিয়ন্ত্রিত চ্যাপ্টার্ড এলাকায় গবাদী পশু ও কুকুর পোষার জন্য লাইসেন্স ফি পূনঃনির্ধারণ।

সিদ্ধান্ত ঃ লাইসেন্স ফি ও ট্যাক্স বৃদ্ধির পূর্বে ঢাকা সেনানিবাস, ডিওএইচএস ও চ্যাপ্টার্ড এলাকায় কি পরিমাণ গবাদি পশু ও পোষা কুকুর রয়েছে তার তথ্যাবলী সংগ্রহ করে বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৩ বিবিধ-৪ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় বিদ্যমান ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো-তে কনট্রাকটর'স ক্যান্টিন, ওয়্যার হাউস এবং ট্রেনিং সেন্টারসহ মোট ৮৭৮২ বর্গফুট আয়তনের বিভিন্ন স্থাপনা নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে বিএটিবি'র ২৯ জুলাই, ২০১০ তারিখের আবেদন।

আলোচনা ঃ অস্থায়ী স্থাপনা এবং ইজারাকৃত জমির ভিতরে হওয়ায় বাণিজ্যিক হারে নকশা অনুমোদন ফি আদায়পূর্বক তা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বাণিজ্যিক হারে ফি আদায় সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৩ বিবিধ-৫ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় বিদ্যমান ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো-তে ৮০১৪ বর্গফুট আয়তনের দোতলা অফিস কমপ্লেক্স নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে বিএটিবি'র ২৩ আগস্ট, ২০১০ তারিখের আবেদন।

আলোচনা ঃ অস্থায়ী স্থাপনা এবং ইজারাকৃত জমির ভিতরে হওয়ায় বাণিজ্যিক হারে নকশা অনুমোদন ফি আদায়পূর্বক তা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বাণিজ্যিক হারে ফি আদায় সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১১

১৩ বিবিধ-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএসএস-১৫১৫ মেজর এ জি এম ইকবাল আহমেদ শাহ (অবঃ) | ৩৫৬ | মিরপুর ডিওএইচএস | ৮ |
| (২) | বিএ-১৪৮৯ মেজর এস এম সোলায়মান সিদ্দিকী (অবঃ) | ৩৪৬ | মিরপুর ডিওএইচএস | ৮ |
| (৩) | বিএসএস-১৪৪৯ মেজর মোঃ হাফিজ (অবঃ) | ৩৪০ | মিরপুর ডিওএইচএস | ৮ |
| (৪) | বিএ-১২৫৬ মেজর জেনাঃ তারিক আহমেদ সিদ্দিক (অবঃ) | ১২২/২ | বারিধারা ডিওএইচএস | ৭ |
| (৫) | বিএ-১৩৩৫ লেঃ জেনাঃ আব্দুল ওয়াদুদ | ২১২ | বারিধারা ডিওএইচএস | ৭ |
| (৬) | (ক) মিসেস ফিরোজা বেগম<br>(খ) ফয়সাল আর সেতার উদ্দিন<br>(গ) মিসেস তাসনিম সাইফ | ৫৩/এ | বনানী ডিওএইচএস | ৭ |

আলোচনা ঃ নকশাগুলো কারিগরীভাবে সঠিক থাকায় তা অনুমোদন করা যেতে পারে। ক্রমিক নং-৫ ও ৫ এর নকশা দু'টি ০৬(ছয়) তলার উপর সীট (Sheet) দ্বারা নির্মাণ করা হবে বিধায় তা অনুমোদন করা যেতে পারে। ক্রমিক নং-৬ এর নকশাটি বেসমেন্ট ও নতুন ০৭(সাত) তলা। যা ০৩ মে, ২০১১ তারিখে অত্র দপ্তরে জমা করা হয়েছে। নকশাটি কারিগরীভাবে সঠিক থাকায় তা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ হতে ৬ পর্যন্ত ০৬টি নকশা অনুমোদন করা হলো। ক্রমিক নং-৫ ও ৬ এর জন্য নিয়ম অনুযায়ী রাস্তার ক্ষতিপূরণ গ্রহণ করা হোক।

১৩ বিবিধ-৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান/বাজার দর | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার কনভেনশন সেন্টারের উত্তর ও দক্ষিণ পার্শ্বে ম্যানহোল উঁচুকরণ ও নিরাপত্তা গেইট স্থাপন এবং কনভেনশন সেন্টার এর র‍্যাম নির্মাণ। | ১১,৫৮,১২৮/-টাকা | বারিধারা ডিওএইচএস এর অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ |
| (২) | মিরপুর সেনানিবাসে জেসিও/ওআর সরকারী পরিবারিক বাসস্থান এলাকায় অবস্থিত শিশু পার্কে নতুন খেলনা সামগ্রী সংযোজন। | ১২,৩২,০০০/- টাকা (বাজার দর) | বোর্ড ফান্ড স্টেশন সদর দপ্তরের ০৮/৮/১১ তারিখের ৭০৩/২/কিউ-৩/১ নং পত্র। |
| (৩) | ঢাকা সেননিবাসের স্টাফ রোড এলাকায় অবস্থিত শিশু পার্কে নতুন খেলনা সামগ্রী স্থাপন। | ৯,৭৯,০০০/- টাকা (বাজার দর) | -ঐ- |
| (৪) | ঢাকা সেননিবাসের আশালতা (অর্ডিন্যান্স এস্টেট এলাকা) এলাকায় অবস্থিত শিশু পার্কে নতুন খেলনা সামগ্রী স্থাপন। | ১০,০৮,৫০০/- টাকা (বাজার দর) | -ঐ- |
| (৫) | অতি বৃষ্টির কারণে শহীদ বদিউজ্জামান রোডের গর্ত মেরামতসহ বিটুমিনাস কার্পেটিংকরণ। | ৫,১৪,২৭৮/- টাকা | বোর্ড ফান্ড |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান/বাজার দর | মন্তব্য |
|---|---|---|---|
| (৬) | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের উত্তর পার্শ্বে বাস স্টপের ড্রেন নির্মাণসহ সংস্কার ও মেরামত। | ৭,৮৮,১২৯/- টাকা | বোর্ড ফান্ড |
| (৭) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের বাউন্ডারী ওয়াল মেরামতসহ কাঁটা তার স্থাপন। | ৭৮,৫৪১/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৮) | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের প্লট নং- ৯৯৩ হতে ১১১০ পর্যন্ত স্ট্রম স্যুয়ার নির্মাণ (৪-০´´ ডায়া পাইপ)। | ৪৭,০৩,৬৬২/- টাকা | -ঐ- |

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্ এবং বর্তমান বাজার দর অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

১৩ বিবিধ-৮ ঃ সেনা কেন্দ্রীয় মসজিদের সামনে ভিআইপি পার্কিং এর জন্য বালু ভরাটকরণ।

আলোচনা ঃ আর্মি এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে সেনাকুঞ্জে ভিআইপি আগমন উপলক্ষে পার্কিং লটে বালু ভরাট করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ জরুরী ভিত্তিতে কাজটি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাবে প্রেরণ করা হোক।

১৩বিবিধ-৯ ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১১ উপলক্ষে ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ১৫০ ওয়াট ও ২৫০ ওয়াট সোডিয়াম বাতির ইগনেটর, ব্যালাস্ট ও হাই প্রেসার সোডিয়াম বাতি ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সশস্ত্র বাহিনী দিবস-২০১১ উপলক্ষ্যে ট্রান্সকম ইলেকট্রনিক্স লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ৬০টি ইগনেটর এসএন-৫৮ (১৫০ ওয়াট ও ২৫০ ওয়াট বাল্বের জন্য) প্রতিটি ১৬০০/- টাকা হিসেবে (১৬০০.০০x৬০/-) = ৯৬,০০০/- টাকা, ৩০টি ফিলিপস ব্যালাস্ট বিএসএন ২৫০ ওয়াট প্রতিটি ৩০০০/- টাকা হিসেবে (৩০০০.০০x৩০) = ৯০,০০০/- টাকা, ৩০টি ফিলিপস ব্যালাস্ট বিএসএন ১৫০ ওয়াট প্রতিটি ২৫০০/- টাকা হিসেবে (২৫০০.০০x৩০) = ৭৫,০০০/- টাকা , ৩০টি হাই প্রেসার সোডিয়াম বাতি এসওএন-টি ২৫০ ওয়াট প্রতিটি ২৪০০/- টাকা হিসেবে (২৪০০.০০x৩০) = ৭২,০০০/- টাকা, ৩০টি হাই প্রেসার সোডিয়াম বাতি এসওএন-টি ১৫০ ওয়াট প্রতিটি ২২০০/- টাকা হিসেবে (২২০০.০০x৩০) = ৬৬,০০০/- টাকা অর্থাৎ সর্বমোট (৯৬,০০০.০০+৯০,০০০.০০ + ৭৫,০০০.০০+৭২,০০০.০০+৬৬,০০০.০০) = ৩,৯৯,০০০/- (তিন লক্ষ নিরানব্বই হাজার) টাকা ব্যয় হবে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বৈদ্যুতিক শাখার মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত (ঙ-২-খ) হতে সংকুলান করা যাবে।

সিদ্ধান্ত ঃ ট্রান্সকম ইলেকট্রনিক্স লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ৬০টি ইগনেটর, ৩০টি ফিলিপস ব্যালাস্ট বিএসএন ২৫০ ওয়াট, ৩০টি হাই প্রেসার সোডিয়াম বাতি এসওএন-টি ২৫০ ওয়াট, ৩০টি হাই প্রেসার সোডিয়াম বাতি এসওএন-টি ১৫০ ওয়াট সরাসরি কোম্পানী হতে ক্রয়ের নিমিত্তে ৩,৯৯,০০০/- (তিন লক্ষ নিরানব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-১৩*

০২২



১৩বিবিধ-১০ ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১১ উপলক্ষে এনার্জি প্যাক হতে কোম্পানীর নির্ধারিত দরে মেগা স্পাইরাল ৬৫ ওয়াটের ৩০টি এনার্জি সেভিং লাইট ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সশস্ত্র বাহিনী দিবস-২০১১ উপলক্ষ্যে স্বাধীনতা সরণিতে স্থাপিত ৬৫ ওয়াট এনার্জি সেভিং বাল্বের মধ্যে নষ্ট হয়ে যাওয়া বাল্বসমূহ পুনঃ স্থাপনের লক্ষ্যে ৩০টি মেগা স্পাইরাল ৬৫ ওয়াট এনার্জি সেভিং বাল্ব প্রতিটি ১,০০০/- (এক হাজার) টাকা হিসেবে এনার্জিপ্যাক কোম্পানীর নির্ধারিত দরে ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে এনার্জি প্যাক, ৭৯, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকার দাখিলকৃত দর সভায় উপস্থাপন করা হলো। উক্ত কাজের ব্যয় মেরামত ও রক্ষবেক্ষণ খাত ৬-২-খ হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত ঃ সরাসরি এনার্জিপ্যাক কোম্পানী হতে কোম্পানীর নির্ধারিত দরে ৩০টি ৬৫ ওয়াট এনার্জি সেভিং বাল্ব ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৩বিবিধ-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার গার্ড ব্যারাকের বাথরুমের ময়লা ট্যাঙ্কি হতে সংযোগ পাইপ লাগানোসহ মেইন ড্রেন পর্যন্ত সংযোগ/ স্যানেটারী কাজ। | ১,০৮,৯১৮/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ১,০৮,৯১৮/- টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস এর অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ ও রাস্তার ক্ষতিপূরণের জন্য জমাকৃত অর্থ |
| (২) | মহাখালী ডিওএইচএস এর রোড নং-৫ এর ড্রেনের স্ল্যাব নির্মাণ। | ৪২,৭২২/- টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৪২,৭২২/- টাকা | -ঐ- |
| (৩) | মহাখালী ডিওএইচএস এর সেন্ট্রাল রোড হতে মসজিদ রোড পর্যন্ত মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯৮,২৩৮/- টাকা | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ১,৯৮,২৩৮/- টাকা | -ঐ- |
| (৪) | বনানী ডিওএইচএস এর ২ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ২০,৪৪,৪৩৪/- টাকা | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স | ২০,৩৯,৩২২/৯১ টাকা | -ঐ- |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদন করা হলো এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৩ বিবিধ-১২ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স নির্মাণের সর্বনিম্ন দরদাতা মেসার্স দি ইউনাইটেড কনস্ট্রাকশন কোম্পানীর আর্নেস্ট মানি হিসেবে জমাকৃত ৪৫,০০,০০০/- টাকার ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা ঃ জমির শ্রেণী পরিবর্তন সংক্রান্ত জটিলতা থাকায় এ মুহূর্তে কার্যাদেশ দেয়া সম্ভব নয় বিধায় আর্নেষ্ট মানি ফেরত প্রদান করা সমীচীন।

সিদ্ধান্ত ঃ ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-১৪*

১৩ বিবিধ-১৩ঃ বনানী, মহাখালী ও মিরপুর ডিওএইচএস এর রোড মার্কিংসহ স্পীড ব্রেকার রং করণ।

আলোচনা ঃ সংশ্লিষ্ট এলাকাবাসীদের চাহিদার প্রেক্ষিতে গত ১৪/৮/২০১১ তারিখে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বছরে অন্ততঃ দুইবার রোড মার্কিংসহ স্পীড ব্রেকার রং করার সিদ্ধান্ত গৃহীত হয় বিধায় উক্ত কাজ জরুরী। বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে সাভূসে অধিদপ্তরে প্রেরণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হোক।

১৩ বিবিধ-১৪ঃ গত ৩০ জুন, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ২৮বিবিধ (৮) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে এয়ার হাউজের পশ্চিম পার্শ্বে বেসামরিক এলাকায় আবাসিক ভবনের নকশা অনুমোদনের বিষয়ে বিমান সদর, প্রশাসনিক শাখা, পূর্ত পরিদপ্তরের ১৪ আগস্ট, ২০১১ তারিখের মতামত অবলোকন।

আলোচনা ঃ এয়ার হাউজ সংলগ্ন এলাকায় বহুতল ভবনের নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে একাধিক আবেদনপত্র পাওয়া গেলে বোর্ড সভার সিদ্ধান্তক্রমে এ বিষয়ে বিমান বাহিনী কর্তৃপক্ষের মতামত চাওয়া হলে বিমান সদর, প্রশাসনিক শাখা, পূর্ত পরিদপ্তরের ১৪ আগস্ট, ২০১১ তারিখের পত্রের এয়ার হাউজের সংলগ্ন বেসামরিক প্লট গুলোতে নিরাপত্তার কারণে বহুতল ভবন নির্মাণের অনুমতি প্রদান করা উচিত হবে না মর্মে মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ এয়ার হাউসের মতো গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা ও শৃঙ্খলা জোড়দার করার আবশ্যকতা থাকায় আশে পাশের ভবনসমূহের উচ্চতা বৃদ্ধি করার অনুমতি না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি বিমান বাহিনী কর্তৃপক্ষকে অবহিত করা হোক।

১৩ বিবিধ-১৫ঃ মহাখালী ডিওএইচএস এ ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানী লিঃ এর পরিবেশ দূষণের প্রেক্ষিতে বাতিল করণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ আগস্ট, ২০১১ তারিখের ৩৯১৭/৫/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা।

আলোচনা ঃ আলোচনায় জানা যায় যে, ব্রিটিশ আমেরিকান ট্যোবাকোর সাথে ২০২৪ সাল পর্যন্ত আলোচ্য জমির ইজারা চুক্তি আছে।

সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

১৩ বিবিধ-১৬ঃ অফিস নার্সারী তৈরীর জন্য ১,৯৬,৯২০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, অফিস নাসারীতে প্রতিটি ৪০´ × ২০´ সাইজের ০৬(ছয়)টি বীজতলা তৈরীর জন্য বাঁশ, তার, সুতলী, পলিব্যাগ, ও ভিটি মাটি ক্রয়ের জন্য ১,৯৬,৯২০/- টাকা প্রয়োজন হবে।

সিদ্ধান্ত ঃ নার্সারীর বীজতলা তৈরীর জন্য ১,৯৬,৯২০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উদ্যান শাখার সংশ্লিষ্ট খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

*চলমান পাতা-১৫*

১৩ বিবিধ-১৭ঃ আসন্ন ২১ নভেম্বর, ২০১১ উপলক্ষে সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ফুলের চারা রোপণের জন্য বীজ ক্রয়।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন ২১ নভেম্বর, ২০১১ উপলক্ষে সেনানিবাস এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে রোপণের জন্য ২৫ প্যাকেট হাইব্রিড ইনকা (হল্যান্ড) ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১,০০০টি বীজ), প্রতি প্যাকেট ৭,২০০/- (সাত হাজার দুইশত) টাকা হিসেবে ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত ঃ ২৫ প্যাকেট হাইব্রিড ইনকা (হল্যান্ড) ফুলের বীজ ক্রয়ের জন্য ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। আর্মি কন্টিনজেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৩ বিবিধ-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রোগ্রামার এর একটি পদ সৃষ্টি।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা হয়। বোর্ডের সেবার মান উন্নত ও সহজকরনের লক্ষ্যে বোর্ডের বিভিন্ন কার্যক্রম ডিজিটাইজ্ড করা প্রয়োজন। যার মধ্যে রয়েছে গৃহকর, দোকান ভাড়া, পানি-বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত তথ্যাদি গ্রাহকদের অন-লাইনে বিভিন্ন তথ্য প্রদান, বোর্ডের যাবতীয় আয় ডিজিটাল পদ্ধতিতে আদায় ইত্যাদি। এ কাজের জন্য একজন দক্ষ প্রোগ্রামারের প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১১,০০০-২০,৩৭০/- টাকা বেতন স্কেলে সহকারী প্রগ্রামারের একটি পদ সৃষ্টির সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

১৩ বিবিধ-১৯ ঃ বোর্ডের শুন্য পদ পূরন ।

আলোচনা ঃ বোর্ডের প্রতিটি শাখায় বেশ কিছু পদ শুন্য থাকায় কাজকর্ম ব্যবহত হচ্ছে। দীর্ঘদিন একই পদে এবং একই কর্মস্থলে কর্মরত থাকায় কর্মচারীদের মধ্যে স্থবিরতা দেখা দিয়েছে। নিয়োগ, বদলী ও পদোন্নতির চলমান প্রক্রিয়া এবং তা অব্যাহত রাখা জরুরী।

সিদ্ধান্ত ঃ ডিএমএলএন্ডসি অফিস কর্তৃক পূরনযোগ্য সকল শুন্য পদ পূরন এবং বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদোন্নতি সরকারী নিয়মানুযায়ী অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩ বিবিধ-২০ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ৩০৮ নং প্লটে অননুমোদিত নির্মাণ।

আলোচনা ঃ সরজমিন পরিদর্শনে জানা যায় যে, সংশ্লিষ্ট প্লট বরাদ্দলাভকারী ৪র্থ তলার ফ্লোরটি বিক্রি করেছেন। ক্রেতা মিসেস শওকতআরা তার ফ্লোরটি ০২টি ইউনিটে রুপান্তর করেছেন। আরো জানা যায় যে, অনুমোদিত নকশায় ফ্লোরটি ০১ ইউনিট হিসেবে অনুমোদিত হয়েছে। ০২ ইউনিটের ফ্লোরটিতে অনুমোদিত নকশা অনুযায়ী ০১ ইউনিট করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হতে ৩০/১/২০১১ তারিখে প্লট বরাদ্দলাভকারীকে পত্র দেয়া হয়েছে। অদ্যাবধি কোন কার্যক্রম গৃহীত হয়নি। অন্যদিকে ৪র্থ তলার ক্রেতা মিসেস শওকতআরা বাংলাদেশ সেনাবাহিনীর কোয়াটার মাষ্টার জেনারেল বরাবরে বাড়ীর মালিক ফ্ল্যাটের রেজিষ্ট্রেশন করে দিচ্ছেন না মর্মে ০৫/৬/২০১১ তারিখে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিষয়টি বাড়ীর মালিক ও ক্রেতার মধ্যে দ্বন্দের কারনেই সৃষ্ট হওয়ায় বাড়ীর মালিক ০১ ইউনিটের পরিবর্তে ০২ ইউনিটের সংশোধিত নকশা ক্যান্টনমেন্ট বোর্ড হতে অনুমোদন করে নিতে পারেন। বাড়ীর মালিক এতে রাজী না থাকলে সেনা সদর, কিউ এম জি শাখা, এম এন্ড কিউ পরিদপ্তরের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম নেয়া যেতে পারে।

*চলমান পাতা-১৬*

১৩ বিবিধ-২১ ঃ বারিধারা ডিওএইচ এলাকায় ১৫২ নং প্লটে গার্মেন্টস ফ্যাক্টরী হিসেবে ভাড়া প্রদান ।

আলোচনা ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের তরফ হতে উল্লেখ করা হয় যে, সংশ্লিষ্ট প্লট মালিক বাড়ীর সকল ফ্ল্যাট ব্যবসায়িক প্রতিষ্ঠান ভাড়া দিয়েছেন এবং প্রতিষ্ঠানে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যাদি/বর্জ পদার্থ পরিবেশ দুষন করছে। কারখানার মেশিনের আওয়াজ প্রতিবেশির শান্তি বিঘ্নিত করছে মর্মেও অভিযোগ পাওয়া যায়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শন পূর্বক ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধের জন্য নোটিশ প্রদান করেছেন। এত কোন কাজ না হলে বিষয়টি সেনা সদর, কিউ এম জি শাখা, এম এন্ড কিউ পরিদপ্তরের নির্দেশনাক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে।

১৩ বিবিধ-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মাস্টাররোলে একজন ম্যাকানিক নিয়োগ ।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ম্যাকানিক অবসর গ্রহণ করায় বর্তমানে অত্র দপ্তরের গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণে কোন দক্ষ ম্যাকানিক নেই। ফলে যানবাহন মেরামতও রক্ষণাবেক্ষণে মারাত্মক অসুবিধা সৃষ্টি হচ্ছে।

সিদ্ধান্ত ঃ শূন্য পদের বিপরীতে স্থায়ীভাবে ম্যাকানিক নিয়োগ না হওয়া পর্যন্ত দৈনিক ৪০০/- (চারশত) টাকা মজুরীতে একজন ম্যাকানিক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( সেখ আকতার হোসেন )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম মোজাম্মেল হক, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | স্কোয়াড্রন লীডার ওবায়দুর রহমান, প্রতিনিধি, অধিনায়ক (প্রশাসনিক শাখা) বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর শেখ মঈনউদ্দিন, স্টেশন হেলথ অফিসার, প্রতিনিধি, কমান্ড্যান্ট সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন বাড়ী#১৮৬, লেন#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ, বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন প্রতিনিধি, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল আলাউদ্দিন গাজী (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ শামসুল ইসলাম (অবঃ), জয়েন্ট সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল এ এম ইলিয়াস রেজা ওয়ার্সী (অবঃ), ট্রেজারার, মিরপুর ডিওএইচএস পরিষদ।